

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৫৫
আমবাসা, ১৪ নভেম্বর, ২০২৩

১৮ নভেম্বর আমবাসা ব্লকভিত্তিক যুব উৎসব

আমবাসা ব্লকভিত্তিক যুব উৎসব আগামী ১৮ নভেম্বর আমবাসা ব্লকের কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। সম্প্রতি আমবাসা ব্লকের সভা কক্ষে আয়োজিত এক প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় উপস্থিত ছিলেন আমবাসা ব্লকের বিডিও মুনমুন দেববর্মা, যুববিষয়ক ক্রীড়া দপ্তরের আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, ব্লকভিত্তিক যুব উৎসবে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। যুব উৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে একটি পরিচালন কমিটি গঠন করা হয়েছে। কমিটির চেয়ারম্যান মনোনিত হয়েছেন আমবাসা বিএসি'র চেয়ারম্যান পরিমল দেববর্মা। আহ্বায়ক হয়েছেন আমবাসা ব্লকের বিডিও মুনমুন দেববর্মা। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের খলাই জেলার সহঅধিকর্তা বিভাবসু গোস্বামী এই সংবাদ জানিয়েছেন।
